# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৪৮. আল্লাহর নৈকট্য লাভের জন্য কুরবানী ও আত্মত্যাগ

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেছেন

فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ

‘আপনার প্রতিপালকের জন্য নামায পড়ুন এবং কুরবানী করুন।[১]

সূরা আল হাজ্জে বলা হয়েছে,

وَالْبُدْنَ جَعَلْنَاهَا لَكُم مِّن شَعَائِرِ اللَّهِ لَكُمْ فِيهَا خَيْرٌ

আর কুরবানীর জন্য নির্দিষ্ট উটগুলোতে আমরা তোমাদের জন্য আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে গণ্য করেছি। এতে বিপুল কল্যাণ নিহিত রয়েছে।[২]

এই সূরার অন্য আয়াতে বলা হয়েছে,

وَمَن يُعَظِّمْ شَعَائِرَ اللَّهِ فَإِنَّهَا مِن تَقْوَى الْقُلُوبِ

“যে ব্যক্তি আল্লাহর নিদর্শনসমূহের সম্মান করে, তা মূলত অন্তরের তাকওয়া হতেই হয়ে থাকে।[৩]

সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমে আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেছেন, রাসূলুল্লাহ্ (সা.)-কে শিংওয়ালা সাদা দুটো মেষ কুরবানী করতে দেখেছি। তিনি মেষের পাঁজরে হাঁটু রেখে ‘বিসমিল্লাহি আল্লাহু আকবার বলে নিজ হাতে কুরবানী করেছেন।[৪]

## ফুটনোট

[১]. সূরা আল কাউছার, আয়াত : ২।

[২]. সূরা আল হাজ্জ, আয়াত : ৩৬।

[৩]. সূরা আল হাজ্জ, আয়াত : ৩২।

[৪]. সহীহ আল বুখারী; সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12346

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন